



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং-০২

০২ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ

তারিখ : -----

১৬ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানী কর্তৃক পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে সরকারসহ বিভিন্ন অংশীজনের মতামত এবং পুঁজিবাজারের সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিয়ে তালিকাভুক্ত নয় এরূপ সিকিউরিটিজে (Equity Share, Non-convertible Cumulative Preference Share, Non-convertible Bond, Debenture, Open-end Mutual Fund) ব্যাংকের বিনিয়োগ পুঁজিবাজারে ব্যাংকের মোট বিনিয়োগ (Solo ও Consolidated) হিসাবায়নের অন্তর্ভুক্ত না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের ১৬/০৯/২০১৩ তারিখের ডিওএস সার্কুলার নং-০২ এর ২(২) নং ক্রমিকের নির্দেশনার সাথে নিম্নোক্ত নির্দেশনাটি নতুনভাবে সংযুক্ত হবে-

“(ঙ) পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এরূপ Equity Share, Non-convertible Cumulative Preference Share, Non-convertible Bond, Debenture, Open-end Mutual Fund।”

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,
স্বাঃ/-
(মোঃ রেজাউল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন নং : ৯৫৩০০৯৩